# খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
## (খুলনা ওয়াসা)

০৭নং রুজভেল্ট জেটিঘাট রোড (জোড়াগেট), খুলনা-৯০০০।

www.kwasa.gov.bd

খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ


স্মারক নং- ৪৬.০৭.০০০০.০০০.০২০.১৮.০০০৬.২৪-৭৪৫৬

তারিখঃ
৩১ বৈশাখ ১৪৩২
১৪ মে ২০২৬

**বিষয়ঃ ২০২৬-২৭ অর্থবছরের খুলনা ওয়াসার সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (জিপিএমএস) প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সংস্থা খুলনা ওয়াসা কর্তৃক ২০২৬-২৭ অর্থবছরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Government Performance Monitoring System-GPMS) প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত জিপিএমএস সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০৮ (আট) পাতা।

১৪/৫/২০২৬
মুহম্মদ কামরুজ্জামান
(যুগ্মসচিব)
ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা, খুলনা।
ফোন: ০২৪৭৭৭৯৫০৪৮
ই-মেইল: md@kwasa.gov.bd

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ:-উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ)

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/

# Goverment Performance Monitoring System (GPMS)

## খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা)

## ২০২৬-২৭ অর্থবছর

## সেকশন ১

ভিশন, মিশন এবং ৩ বছর মেয়াদি পরিকল্পনা

১.৪.১ ভিশন : একটি সৃজনশীল ও সহনশীল ভবিষ্যত পানি ব্যবস্থাপনা গড়ে তোলা, যা গ্রাহকের টেকসই মূল্যবান সেবা নিশ্চিত করবে।

১.৪.২ মিশন : গ্রাহকদের নিরাপদ, নির্ভরযোগ্য, টেকসই এবং সাশ্রয়ী মূল্যে পানি সরবরাহের মাধ্যমে সকলের জন্য পানির চাহিদা পূরণ নিশ্চিত করা।

১.৪.৩ ৩ বছর মেয়াদি পরিকল্পনা :

**সংস্থার ৩ বছর মেয়াদি পরিকল্পনার ছক**

| ক্রমিক | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | খুলনা শহরে নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ। | দৈনিক ১১০ মিলিয়ন লিটার। | দৈনিক ১১২ মিলিয়ন লিটার। | দৈনিক ১১৩ মিলিয়ন লিটার। |
| ২ | পানির সংযোগ প্রদান | ৮৫০টি | ৯৫০টি | ১০৫০টি |
| ৩ | পানি সরবরাহ পাইপ লাইনে লিক মেরামত। | ৩২০টি | ৩৫০ টি | ৩৭০ টি |
| ৪ | সঠিক মিটার রিডিং এর জন্য ত্রুটিপূর্ণ মিটার পরিবর্তন। | প্রতিস্থাপনকৃত মিটার ৮৫ টি | প্রতিস্থাপনকৃত মিটার ৯৫ টি | প্রতিস্থাপনকৃত মিটার ১০০ টি |
| ৫ | খুলনা ওয়াসার অংশীজনদের সাথে সেবা সম্পৃক্ত বিষয়ে উন্মুক্ত সভা আয়োজন। | ৪ টি উন্মুক্ত সভা আয়োজিত | ৪টি সভা | ৪টি সভা |
| ৬ | মাসিক প্রাপ্ত গ্রাহক অভিযোগ নিষ্পত্তি করা। | ৯৫% নিষ্পত্তি করা | ৯৬% নিষ্পত্তি করা | ৯৮% নিষ্পত্তি করা |
| ৭ | অনলাইন সিস্টেমে আবেদনের মাধ্যমে পানির সংযোগ প্রদান ব্যবস্থাপনা পরিচালনা | অনলাইনে চালুকৃত | ক) স্মার্ট একাউন্টস ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ খ) স্মার্ট এইচ আর ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ। | সেন্ট্রাল স্ক্যাডার মাধ্যমে ট্রিটমেন্ট প্ল্যান্ট পরিচালনা |
| ৮ | নতুন পদ সৃজন | খুলনা ওয়াসায় নতুন পদ সৃজনে পদক্ষেপ গ্রহণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে কার্সম্পাদন | নতুন পদ সৃজন অনুমোদন |
| ৯ | পানির গুণগতমান পরীক্ষণ | ১৩০ টি নমুনা পরীক্ষা | ১৪০ টি নমুনা পরীক্ষা | ১৫০ টি নমুনা পরীক্ষা |
| ১০ | এক্সটার্নাল অডিট / বহিঃস্থ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা। | ১ টি | ১ টি | ১ টি |
| ১১ | ব্যক্তিগত গভীর নলকূপ / সাবমারসিবল পাম্প রেজিস্ট্রেশন | ১০০ টি | ১২৫ টি | ১৩০ টি |
| ১২ | কর্মকর্তা-কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান। | ৮টি (কর্মকর্তাদের-৪টি এবং কর্মচারীদের-৪টি প্রশিক্ষণ প্রদান) | ৮টি (কর্মকর্তাদের-৪টি এবং কর্মচারীদের-৪টি প্রশিক্ষণ প্রদান) | ৮টি (কর্মকর্তাদের-৪টি এবং কর্মচারীদের-৪টি প্রশিক্ষণ প্রদান) |
| ১৩ | পদোন্নতি এবং সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে শূন্য পদ পূরণ | ১৫টি | ৮ টি | ৬ টি |
| ১৪ | রাজস্ব আদায়ের হার বৃদ্ধি করা | আদায়ের গড় হার ৭০% উন্নীত করা | আদায়ের গড় হার ৮০% উন্নীত করা | আদায়ের গড় হার ৮৫% উন্নীত করা |
| ১৫ | বকেয়া রাজস্ব আদায়ে তাগিদ পরিদর্শন কার্যক্রম পরিচালনা। | ১০ টি | ১২ টি | ১২ টি |
| ১৬ | ২ টি সুয়্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এস টি পি) নির্মাণ কাজ বাস্তবায়ন | ৯০% নির্মাণ কাজ বাস্তবায়ন করা | ১০০% নির্মাণ কাজ সম্পন্ন করা | ০ (প্রকল্প সমাপ্ত) |
| ১৭ | ৬টি সুয়্যারেজ পাম্পিং স্টেশন (এস পি এস) নির্মাণ কাজ বাস্তবায়ন | ৮০% নির্মাণ কাজ বাস্তবায়ন করা | ১০০% নির্মাণ কাজ সম্পন্ন করা | ০ (প্রকল্প সমাপ্ত) |
| ১৮ | সুয়্যার গ্রাহক সংযোগ প্রদান | ৮,০০০ টি | ৯,০০০ টি | ০ (প্রকল্প সমাপ্ত) |
| ১৯ | সুয়্যার নেটওয়ার্ক পাইপ লাইন স্থাপন | ২০কি.মি. | ১৫ কি.মি. | ০ (প্রকল্প সমাপ্ত) |
| ২০ | উৎপাদন নলকূপের মালামাল সরবরাহ ও স্থাপন | ১০টি উৎপাদক নলকূপের মালামাল সরবরাহ | ১০টি উৎপাদক নলকূপ স্থাপন | ১৫টি উৎপাদক নলকূপ স্থাপন |
| ২১ | পানি সরবরাহ ডিস্ট্রিবিউশন পাইপ নেটওয়ার্ক এর মালামাল সরবরাহ ও স্থাপন | কার্যাদেশ প্রদান | ১৫ কি: মি: পানি সরবরাহ ডিস্ট্রিবিউশন পাইপ এর মালামাল সরবরাহ | ১০ কি: মি: ডিস্ট্রিবিউশন পাইপ নেটওয়ার্ক স্থাপন |

## সেকশন ২
## (২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)

| কর্মসম্পাদন ক্ষেত্র | মন্ত্রণালয়ের পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [১] সেবা প্রদান (Service Delivery) [মান-৩০] | ১ | খুলনা শহরে নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ। | দৈনিক মিলিয়ন লিটার (MLD) ((ক্রমপুঞ্জিভূত)) | ৫ | | ১১০ |
| | ২ | পানির সংযোগ প্রদান | সংখ্যা (সমষ্টি) | ৫ | | ৮৫০টি |
| | ৩ | পানি সরবরাহ পাইপ লাইনে লিক মেরামত। | সংখ্যা (সমষ্টি) | ৫ | | ৩২০টি |
| | ৪ | সঠিক মিটার রিডিং এর জন্য ত্রুটিপূর্ণ মিটার পরিবর্তন। | সংখ্যা (সমষ্টি) | ৫ | | প্রতিস্থাপনকৃত মিটার ৮৫ টি |
| | ৫ | খুলনা ওয়াসার অংশীজনদের সাথে সেবা সম্পৃক্ত বিষয়ে উন্মুক্ত সভা আয়োজন। | উন্মুক্ত সভার সংখ্যা (সমষ্টি) | ৫ | | ৪ টি উন্মুক্ত সভা আয়োজিত |
| | ৬ | মাসিক প্রাপ্ত গ্রাহক অভিযোগ নিষ্পত্তি করা। | শতকারা হার | ৫ | | ৯৫% নিষ্পত্তি করা |
| [২] নীতি ও সংস্কার কার্যক্রম (Policy and Reform Activity) [মান-২৮] | ৭ | অনলাইন সিস্টেমে আবেদনের মাধ্যমে পানির সংযোগ প্রদান ব্যবস্থাপনা পরিচালনা | সংখ্যা (সমষ্টি) | ৫ | | অনলাইনে চালুকৃত |
| | ৮ | নতুন পদ সৃজন | পদের সংখ্যা (সমষ্টি) | ৪ | | খুলনা ওয়াসায় নতুন পদ সৃজনে পদক্ষেপ গ্রহণ |
| | ৯ | পানির গুণগতমান পরীক্ষণ | সংখ্যা (সমষ্টি) | ৫ | | ১৩০ টি নমুনা পরীক্ষণ করা হবে |
| | ১০ | এক্সটার্নাল অডিট / বহিঃস্থ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা। | সংখ্যা (সমষ্টি) | ৫ | | ১ টি |
| | ১১ | ব্যক্তিগত গভীর নলকূপ / সাবমারসিবল পাম্প রেজিস্ট্রেশন | সংখ্যা (সমষ্টি) | ৪ | | ১০০ টি রেজিস্ট্রেশন সম্পন্ন করা |
| | ১২ | কর্মকর্তা-কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান। | সংখ্যা (সমষ্টি) | ৫ | | ৮টি (কর্মকর্তাদের-৪টি এবং কর্মচারীদের-৪টি প্রশিক্ষণ প্রদান) |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা (Institutional Capacity and Efficiency) [মান-১৪] | ১৩ | পদোন্নতি এবং সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে শূন্য পদ পূরণ | সংখ্যা (জন) (সমষ্টি) | ৫ | | ১৫টি |
| | ১৪ | রাজস্ব আদায়ের হার বৃদ্ধি করা | শতকারা (গড় হার) | ৪ | | আদায়ের গড় হার ৭০% উন্নীত করা |
| | ১৫ | বকেয়া রাজস্ব আদায়ে তাগিদ /পরিদর্শন কার্যক্রম পরিচালনা। | সংখ্যা (সমষ্টি) | ৫ | | ১০ টি |
| ৪] উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম (Development Related and Other Activities) [মান-২৮] | ১৬ | ২ টি সুয়্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এস টি পি) নির্মাণ কাজ বাস্তবায়ন | শতকারা হার (ক্রমপুঞ্জিভূত) | ৫ | | ৯০% নির্মাণ কাজ বাস্তবায়ন করা |
| | ১৭ | ৬টি সুয়্যারেজ পাম্পিং স্টেশন (এস পি এস) নির্মাণ কাজ বাস্তবায়ন | শতকারা হার (ক্রমপুঞ্জিভূত) | ৫ | | ৮০% নির্মাণ কাজ বাস্তবায়ন করা |
| | ১৮ | সুয়্যার গ্রাহক সংযোগ প্রদান | সংখ্যা (সমষ্টি) | ৫ | | ৮,০০০ টি |
| | ১৯ | সুয়্যার নেটওয়ার্ক পাইপ লাইন স্থাপন | কিলোমিটার (সমষ্টি) | ৫ | | ২০কি.মি. |
| | ২০ | উৎপাদন নলকূপের মালামাল সরবরাহ ও স্থাপন | সংখ্যা (সমষ্টি) | ৪ | | ১০টি উৎপাদক নলকূপের মালামাল সরবরাহ |
| | ২১ | পানি সরবরাহ ডিস্ট্রিবিউশন পাইপ নেটওয়ার্ক এর মালামাল সরবরাহ ও স্থাপন | সংখ্যা (সমষ্টি) | ৪ | | কার্যাদেশ প্রদান |

## সেকশন ৩
## (মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত বিষয়-সংক্রান্ত প্রতিবেদন)

**ভূমিকা ও প্রেক্ষাপট**

খুলনা দেশের তৃতীয় বৃহত্তম বিভাগীয় শহর এবং একটি গুরুত্বপূর্ণ শিল্প ও বন্দরনগরী। খুলনা মহানগরীর আয়তন প্রায় ৪৬ বর্গ কিলোমিটার এবং জনসংখ্যা প্রায় ১৫ লক্ষ। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে অবস্থিত দ্বিতীয় বৃহত্তম সমুদ্র বন্দর মংলা বন্দর খুলনার নিকটবর্তী হওয়ায় এ অঞ্চলে শিল্প ও বাণিজ্যের ব্যাপক প্রসার ঘটেছে। এর ফলে দ্রুত নগরায়ন ও জনসংখ্যা বৃদ্ধি অব্যাহত রয়েছে। খুলনা সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার পূর্বে শহরের পানি সরবরাহ কার্যক্রম জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (DPHE), খুলনা কর্তৃক পরিচালিত হত। পরবর্তীতে ১৯৮৪ সাল থেকে পানি সরবরাহ বিভাগ খুলনা সিটি কর্পোরেশনের অধীনে পরিচালিত হয়ে আসছিল। বাংলাদেশের সংবিধানের ১৫ (ক) অনুচ্ছেদে রাষ্ট্রের অন্যতম মূলনীতি হিসেবে নাগরিকদের মৌলিক প্রয়োজন নিশ্চিত করার কথা উল্লেখ রয়েছে। স্বাস্থ্যসম্মত ও নিরাপদ পানি জীবন ধারণের জন্য অপরিহার্য হওয়ায় এটি রাষ্ট্রের একটি মৌলিক দায়িত্ব হিসেবে বিবেচিত। নগরবাসীর ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশ সরকার ২ মার্চ ২০০৮ তারিখে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর আওতায় খুলনা ওয়াসা প্রতিষ্ঠা করে। প্রতিষ্ঠার পর থেকে খুলনা ওয়াসা নগরবাসীর জন্য নিরাপদ পানি সরবরাহ ও আধুনিক পয়ঃনিষ্কাশন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে কাজ করে যাচ্ছে।

**খুলনা ওয়াসার কার্যাবলি:**

খুলনা ওয়াসা নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করে থাকে—

- আবাসিক, দাপ্তরিক, শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে নিরাপদ ও সুপেয় পানি সরবরাহের জন্য পানি উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ সংক্রান্ত অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;
- দীর্ঘমেয়াদি পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়নের জন্য বাস্তবসম্মত পরিকল্পনা প্রণয়ন;
- সিস্টেম লস হ্রাস এবং রাজস্ব আদায় ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে আয় বৃদ্ধি;
- পয়ঃসেবা নিশ্চিত করতে পয়ঃনিষ্কাশন অবকাঠামোর উন্নয়ন ও সম্প্রসারণ;
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করে উন্নতমানের গ্রাহকসেবা প্রদান।

**টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) ও খুলনা ওয়াসা:**

টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs)-এর ১৭টি লক্ষ্যের মধ্যে Goal-৬ 'নিরাপদ পানি ও স্যানিটেশন' সরাসরি খুলনা ওয়াসার কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত। এই লক্ষ্য অনুযায়ী সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। Goal-৬ এর প্রাসঙ্গিক লক্ষ্যমাত্রাসমূহ হলো—

- ৬.১: ২০৩০ সালের মধ্যে সকলের জন্য নিরাপদ ও সাশ্রয়ী পানীয় জলের সর্বজনীন ও সমতাভিত্তিক প্রাপ্যতা নিশ্চিত করা;
- ৬.২: নারী, শিশু ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর চাহিদা বিবেচনায় সকলের জন্য উন্নত স্যানিটেশন ও স্বাস্থ্যসম্মত জীবনযাপনের সুযোগ নিশ্চিত করা এবং উন্মুক্ত স্থানে মলত্যাগ বন্ধ করা;
- ৬.৩: দূষণ হ্রাস, বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন এবং পুনর্ব্যবহার বৃদ্ধির মাধ্যমে পানির গুণগত মান উন্নয়ন;
- ৬.৪: পানি ব্যবহারে দক্ষতা বৃদ্ধি এবং টেকসই পানি ব্যবস্থাপনার মাধ্যমে পানি সংকট হ্রাস করা।

উল্লিখিত লক্ষ্যমাত্রাগুলোর মধ্যে ৬.১, ৬.২, ৬.৩ এবং ৬.৪ খুলনা ওয়াসার জন্য বিশেষভাবে প্রাসঙ্গিক। নির্ধারিত সময়ের মধ্যে এসব লক্ষ্য অর্জনে খুলনা ওয়াসা দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ।

**চ্যালেঞ্জ ও সীমাবদ্ধতাসমূহ:**

খুলনা ওয়াসার পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কার্যক্রম বাস্তবায়নে বিভিন্ন প্রাকৃতিক, প্রযুক্তিগত, আর্থিক ও প্রশাসনিক চ্যালেঞ্জ বিদ্যমান, যা কার্যক্রমের অগ্রগতি ও টেকসই সেবা নিশ্চিতকরণে প্রভাব ফেলছে। প্রধান চ্যালেঞ্জসমূহ নিম্নরূপ—

ক. জলবায়ু ও পরিবেশগত চ্যালেঞ্জ:

- জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে খুলনা অঞ্চলে ভূগর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানিতে লবণাক্ততা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে।
- শুষ্ক মৌসুমে (মার্চ–মে) মধুমতি নদীর পানির লবণাক্ততা গ্রহণযোগ্য মাত্রা (২০০ mg/l) ছাড়িয়ে প্রায় ২০০০ mg/l-এ পৌঁছে যায়, যা নিরাপদ পানি সরবরাহে বড় প্রতিবন্ধকতা সৃষ্টি করে।
- নিরাপদ পানির স্তর নিচে নেমে যাওয়ায় গুণগতমানসম্পন্ন পর্যাপ্ত পানি সরবরাহ বিশেষভাবে কঠিন হয়ে পড়ছে।

খ. পানি উৎস সীমাবদ্ধতা:

- ভূগর্ভস্থ পানির স্তর নিম্নগামী হওয়ায় শুষ্ক মৌসুমে পানি উত্তোলন ও সরবরাহ কার্যক্রম ব্যাহত হচ্ছে।
- পার্শ্ববর্তী নদীগুলোর পানি লবণাক্ত হওয়ায় উপযুক্ত ভূ-উপরিস্থ পানির উৎস চিহ্নিত করা একটি বড় চ্যালেঞ্জ।

গ. আর্থিক ও রাজস্ব সংক্রান্ত সমস্যা:

- সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের পানির বিল পরিশোধে দীর্ঘসূত্রিতার কারণে উল্লেখযোগ্য রাজস্ব বকেয়া থেকে যাচ্ছে, যা আর্থিক ব্যবস্থাপনায় চাপ সৃষ্টি করছে।

ঘ. অবকাঠামোগত চ্যালেঞ্জ:

- খুলনা শহরে ভূগর্ভস্থ পানির স্তর উপরে থাকায় ১০—১২ ফুট গভীরতায় স্যুয়ার পাইপলাইন স্থাপনের সময় ট্রেঞ্চে পানি প্রবেশ করছে।
- রূপসা নদীর নিকটবর্তী হওয়ায় জোয়ার-ভাটা ও বর্ষা মৌসুমে ট্রেঞ্চে পানি ঢুকে কাজ ব্যাহত করছে।
- ট্রেঞ্চে পানি প্রবেশের কারণে পাম্পের মাধ্যমে নিরবচ্ছিন্ন পানি অপসারণ করে পাইপ স্থাপন করতে হয়, যা জটিল, সময়সাপেক্ষ এবং ব্যয়বহুল।
- অধিকাংশ রাস্তা সরু হওয়ায় ভারী যন্ত্রপাতি ব্যবহার করা সম্ভব হয় না।
- রাস্তার ওপর বিদ্যমান বৈদ্যুতিক, টেলিফোন ও অন্যান্য ইউটিলিটি লাইনের কারণে খনন কাজে বড় যন্ত্রপাতি ব্যবহারে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে।

ঙ. প্রশাসনিক ও সমন্বয়জনিত চ্যালেঞ্জ:

- রাস্তা খননের জন্য সিটি কর্পোরেশন (কেসিসি), সড়ক ও জনপথ অধিদপ্তরসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের অনুমতি গ্রহণে জটিলতা ও সময়ক্ষেপণ ঘটে।
- প্রতি বর্গমিটার রাস্তা কাটার ক্ষতিপূরণ নির্ধারণ একটি চ্যালেঞ্জ হিসেবে দেখা দেয়।
- পাইপলাইন স্থাপনের পর ক্ষতিগ্রস্ত রাস্তা পুনর্নির্মাণে প্রশাসনিক প্রক্রিয়ার জটিলতা কাজের গতি মন্থর করে।

**গৃহীত পদক্ষেপ, অর্জনসমূহ ও ফলাফল বিশ্লেষণ :**

খুলনা ওয়াসা পানি সরবরাহের দায়িত্ব গ্রহণের পর থেকে ধারাবাহিকভাবে বিভিন্ন উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহণ করেছে, যার ফলে নগরবাসীর নিরাপদ পানি প্রাপ্তি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। প্রথম পর্যায়ে, তিনটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে খুলনা মহানগরীতে প্রায় ১০০০ ফুট গভীরতার ৪৮টি গভীর উৎপাদক নলকূপ স্থাপন করা হয়, যার মাধ্যমে ভূগর্ভস্থ পানি সরবরাহ কার্যক্রম চালু করা হয়। ২০১৪ সাল থেকে পানির মিটার স্থাপন কার্যক্রম শুরু করা হয়। শুরুতে গ্রাহকদের অনীহা ও বিভিন্ন প্রতিবন্ধকতা থাকলেও খুলনা ওয়াসার ধারাবাহিক প্রচেষ্টায় বর্তমানে ১০০% সংযোগে পানির মিটার স্থাপন সম্পন্ন হয়েছে, যা সুশাসন ও স্বচ্ছতা নিশ্চিত করেছে। ক্রমবর্ধমান জনসংখ্যা ও পানির চাহিদা বিবেচনায় ভূগর্ভস্থ পানির ওপর নির্ভরশীলতা কমিয়ে ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ২০১১ সালে এডিবি ও জাইকা'র আর্থিক সহায়তায় ২৫৪৬.০০ কোটি টাকা ব্যয়ে "খুলনা পানি সরবরাহ প্রকল্প" গ্রহণ করা হয়। এই প্রকল্পের আওতায়—

- ১১০ এমএলডি ক্ষমতাসম্পন্ন সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ করা হয়েছে।
- ৭৭.৭২ কোটি লিটার ধারণক্ষমতার ইম্পাউন্ডিং রিজার্ভার স্থাপন করা হয়েছে।
- আধুনিক HDD পদ্ধতিতে রূপসা নদীর তলদেশ দিয়ে প্রায় ৪০ ফুট গভীরে ১০০০ মিমি ব্যাসের ৬৮৫ মিটার পাইপলাইন স্থাপন করা হয়েছে, যা বাংলাদেশে প্রথম উদ্যোগ।

এছাড়া, খুলনা মহানগরীতে প্রায় ৬৫০ কিলোমিটার পানি বিতরণ পাইপলাইন স্থাপন করে প্রায় ৪৪,১২০টি বাসগৃহে মিটারের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা হয়েছে। একটি আধুনিক ওয়াটার কোয়ালিটি টেস্টিং ল্যাবরেটরি স্থাপন করে পানির গুণগত মান নিয়মিত পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করা হচ্ছে। এসব কার্যক্রমের ফলে ২০১৯ সালে পানি সরবরাহের কভারেজ ২৫% থেকে বৃদ্ধি পেয়ে বর্তমানে প্রায় ৭৮%-এ উন্নীত হয়েছে এবং ভূ-উপরিস্থ পানির ব্যবহার ০% থেকে বেড়ে ৬৫%-এ পৌঁছেছে। সামাজিক অন্তর্ভুক্তির অংশ হিসেবে নিম্ন আয়ের জনগোষ্ঠীর জন্য ১৮০০টি পরিবারের প্রায় ১৫,০০০ বস্তিবাসীকে নিরাপদ পানি সরবরাহের আওতায় আনা হয়েছে।

পরিবেশবান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থা গড়ে তুলতে এডিবি'র অর্থায়নে "খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প" বাস্তবায়নাধীন রয়েছে। এর আওতায়—

- ৫২ এমএলডি ও ২৮ এমএলডি ক্ষমতাসম্পন্ন ২টি স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ,
- ২৫৫ কি: মি: স্যুয়ার নেটওয়ার্ক পাইপলাইন এবং
- ৬টি স্যুয়ার পাম্পিং স্টেশন স্থাপন করা হচ্ছে।

গ্রাহকসেবার মানোন্নয়নে খুলনা ওয়াসা ডিজিটাল ব্যবস্থা প্রবর্তন করেছে। 'স্মার্ট মিটার রিডিং' পদ্ধতির মাধ্যমে সঠিক বিল প্রস্তুত নিশ্চিত করা হচ্ছে। এছাড়া, গ্রাহকের অভিযোগ দ্রুত সমাধানের জন্য হটলাইন সেবা চালু করা হয়েছে এবং মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (MFS)-এর মাধ্যমে ঘরে বসেই বিল পরিশোধের সুবিধা নিশ্চিত করা হয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

খুলনা ওয়াসা টেকসই, পরিবেশবান্ধব ও জলবায়ু সহনশীল পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে দীর্ঘমেয়াদী ও কৌশলগত বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। এসব পরিকল্পনার মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ বৃদ্ধি, আধুনিক পয়ঃনিষ্কাশন ব্যবস্থা সম্প্রসারণ এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা করা হবে। প্রধান পরিকল্পনাসমূহ নিম্নরূপ—

ক. পানি উৎসের ভারসাম্য ও টেকসই ব্যবহার:

- বর্তমান অবস্থা থেকে ভূ-উপরিস্থ ও ভূগর্ভস্থ পানির ব্যবহার অনুপাত ৯০:১০-এ উন্নীত করা।

• নদীর পানি ও বৃষ্টির পানির মতো বিকল্প উৎসের ব্যবহার বৃদ্ধি করে ভূগর্ভস্থ পানির ওপর নির্ভরশীলতা কমানো।

খ. পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ:

• খুলনা সিটি কর্পোরেশনের বিদ্যমান ৪৫.৬৫ বর্গকিমি এলাকার পাশাপাশি নতুন অন্তর্ভুক্ত লবণচরা, হরিণটানা ও আড়ংঘাটা এলাকাকে পাইপলাইনের মাধ্যমে পানি সরবরাহের আওতায় আনা।
• "খুলনা পানি সরবরাহ প্রকল্প (ফেজ-২)" বাস্তবায়নের মাধ্যমে বর্তমান ও বর্ধিত এলাকায় শতভাগ পানি সরবরাহ নিশ্চিত করা।
• প্রকল্পটির বাস্তবায়নকাল (অক্টোবর ২০২৫ – জুন ২০৩০) শেষে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG Goal-৬.১) অনুযায়ী সবার জন্য নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা।

গ. জলবায়ু পরিবর্তন মোকাবিলা:

• শুষ্ক মৌসুমে পানির লবণাক্ততা বৃদ্ধি নিয়ন্ত্রণে ক্লাইমেট-রেজিলিয়েন্ট ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের পরিকল্পনা গ্রহণ।

ঘ. আধুনিক প্রযুক্তির ব্যবহার:

• পানি সরবরাহ ব্যবস্থার সার্বক্ষণিক নিয়ন্ত্রণ ও তদারকির জন্য SCADA (Supervisory Control and Data Acquisition) সিস্টেম চালু করা।
• ডিস্ট্রিক্ট মিটারিং এরিয়া (DMA) স্থাপনের মাধ্যমে পানির অপচয় (Non-Revenue Water - NRW) কমানো এবং সিস্টেমের দক্ষতা বৃদ্ধি।

ঙ. গ্রাহক সেবা উন্নয়ন ও সুশাসন:

• শতভাগ মিটারিং নিশ্চিত করা এবং অনলাইন বিলিং সিস্টেম আরও উন্নত করা।
• পানির মূল্য যৌক্তিক পর্যায়ে নির্ধারণের জন্য ট্যারিফ সংস্কার কার্যক্রম গ্রহণ।

চ. পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন:

• চলমান "খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প" বাস্তবায়নের মাধ্যমে প্রায় ৬৫% (প্রায় ১০ লক্ষ) জনগণকে আধুনিক স্যুয়ারেজ ব্যবস্থার আওতায় আনা।
• অবশিষ্ট জনগণকে সেবা প্রদানের জন্য "খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন (ফেজ-২)" প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ।
• ২০৩০ সালের মধ্যে SDG Goal-৬.২ অনুযায়ী সবার জন্য নিরাপদ ও টেকসই পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করা।

## সংযোজনীসমূহ

**সংযোজনী ১ : শব্দসংক্ষেপ**

| ক্রমিক নাম্বার | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ওয়াসা | ওয়াটার এন্ড সুয়ারেজ অথরিটি |
| ২ | ডিপিএইচই | ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ৩ | সওজ | সড়ক ও জনপথ |
| ৪ | সিসি | সিটি কর্পোরেশন |
| ৫ | ডিএমএ (DMA) | ডিস্ট্রিক্ট মিটারিং এরিয়া |
| ৬ | এস টি পি | সুয়্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট |
| ৭ | এস পি এস | সুয়্যারেজ পাম্পিং স্টেশন |
| ৮ | এনআরডব্লিউ (NRW) | নন রেভনিউ ওয়াটার |
| ৯ | কি: মি: | কিলোমিটার |
| ১০ | এডিপি | এ্যানুয়াল ডেভলপমেন্ট প্রোগ্রাম |
| ১১ | এডিবি | এশিয়ান ডেভলপমেন্ট ব্যাংক |

## সংযোজনী ২ : বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে)

| পরিকল্পনা ক্রমিক | পরিকল্পনা | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর (২০২৬-২৭) | ২য় বছর (২০২৭-২৮) | ৩য় বছর (২০২৮-২৯) |
| ১ | খুলনা শহরে নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ। | নগর এলাকায় নিরাপদ পানির উৎপাদন ও সরবরাহ দৈনিক ১১০ মিলিয়ন লিটার। | নগর এলাকায় নিরাপদ পানির উৎপাদন দৈনিক ১১১ মিলিয়ন লিটার। | নগর এলাকায় নিরাপদ পানির উৎপাদন দৈনিক ১১২ মিলিয়ন লিটার। |
| ২ | পানির সংযোগ প্রদান | খুলনা ওয়াসার আওতাধীন এলাকায় পানি সংযোগ প্রদান ৮৫০টি | খুলনা ওয়াসার আওতাধীন এলাকায় পানি সংযোগ প্রদান ৯৫০টি | খুলনা ওয়াসার আওতাধীন এলাকায় পানি সংযোগ প্রদান ১০৫০টি |
| ৩ | পানি সরবরাহ পাইপ লাইনে লিক মেরামত। | পানি সরবরাহ পাইপলাইনে সৃষ্ট লিক ৩২০ টি মেরামত | পানি সরবরাহ পাইপলাইনে সৃষ্ট লিক ৩৫০ টি মেরামত | পানি সরবরাহ পাইপলাইনে সৃষ্ট লিক ৩৭০ টি মেরামত |
| ৪ | সঠিক মিটার রিডিং এর জন্য ত্রুটিপূর্ণ মিটার পরিবর্তন। | প্রতিস্থাপনকৃত মিটার ৮৫ টি | প্রতিস্থাপনকৃত মিটার ৯৫ টি | প্রতিস্থাপনকৃত মিটার ১০০ টি |
| ৫ | খুলনা ওয়াসার অংশীজনদের সাথে সেবা সম্পৃক্ত বিষয়ে উন্মুক্ত সভা আয়োজন। | খুলনা ওয়াসার অংশীজনদের সাথে ৪টি উন্মুক্ত সভা | খুলনা ওয়াসার অংশীজনদের সাথে ৪টি উন্মুক্ত সভা | খুলনা ওয়াসার অংশীজনদের সাথে ৪টি উন্মুক্ত সভা |
| ৬ | মাসিক প্রাপ্ত গ্রাহক অভিযোগ নিষ্পত্তি করা। | ৯৫% নিষ্পত্তি করা | ৯৬% নিষ্পত্তি করা | ৯৮% নিষ্পত্তি করা |
| ৭ | অনলাইন সিস্টেমে আবেদনের মাধ্যমে পানির সংযোগ প্রদান ব্যবস্থাপনা পরিচালনা | অনলাইন সিস্টেমে আবেদনের মাধ্যমে পানির সংযোগ প্রদান ব্যবস্থাপনা পরিচালনা | ক) স্মার্ট একাউন্টস ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ। খ) স্মার্ট এইচ আর ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ। | সেন্ট্রাল স্ক্যাডার মাধ্যমে ট্রিটমেন্ট প্ল্যান্ট পরিচালনা |
| ৮ | নতুন পদ সৃজন | খুলনা ওয়াসায় নতুন পদ সৃজনে পদক্ষেপ গ্রহণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে কার্সম্পাদন | নতুন পদ সৃজন অনুমোদন |
| ৯ | পানির গুণগতমান পরীক্ষণ | ১৩০ টি নমুনা পরীক্ষা করা | ১৪০ টি নমুনা পরীক্ষা করা | ১৫০ টি নমুনা পরীক্ষা করা |
| ১০ | এক্সটার্নাল অডিট / বহিঃস্থ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা। | মাসিক রাজস্ব আদায়ের গড় হার ৭৫% উন্নীত করা | রাজস্ব আদায়ের গড় হার ৮০% উন্নীত করা | রাজস্ব আদায়ের গড় হার ৮৫% উন্নীত করা |
| ১১ | ব্যক্তিগত গভীর নলকূপ / সাবমারসিবল পাম্প রেজিস্ট্রেশন | ১০০ টি রেজিস্ট্রেশন করা | ১২৫ টি রেজিস্ট্রেশন করা | ১৩০ টি রেজিস্ট্রেশন করা |
| ১২ | কর্মকর্তা-কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান। | ৮টি (কর্মকর্তাদের-৪টি এবং কর্মচারীদের-৪টি প্রশিক্ষণ প্রদান | ৮টি (কর্মকর্তাদের-৪টি এবং কর্মচারীদের-৪টি প্রশিক্ষণ প্রদান | ৮টি (কর্মকর্তাদের-৪টি এবং কর্মচারীদের-৪টি প্রশিক্ষণ প্রদান) |
| ১৩ | পদোন্নতি এবং সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে শূন্য পদ পূরণ | পদোন্নতি এবং সরাসরি মাধ্যমে শূন্য পদ পূরণ ১৫টি | পদোন্নতি এবং সরাসরি মাধ্যমে শূন্য পদ পূরণ ৮ টি | পদোন্নতি এবং সরাসরি মাধ্যমে শূন্য পদ পূরণ ৬ টি |
| ১৪ | রাজস্ব আদায়ের হার বৃদ্ধি করা | আদায়ের গড় হার ৭০% উন্নীত করা | আদায়ের গড় হার ৮০% উন্নীত করা | আদায়ের গড় হার ৮৫% উন্নীত করা |
| ১৫ | বকেয়া রাজস্ব আদায়ে তাগিদ পরিদর্শন কার্যক্রম পরিচালনা। | বকেয়া রাজস্ব আদায়ে গ্রাহকের বাড়িতে গিয়ে তাগিদ পরিদর্শন কার্যক্রম পরিচালনা ১০ টি | বকেয়া রাজস্ব আদায়ে গ্রাহকের বাড়িতে গিয়ে তাগিদ পরিদর্শন কার্যক্রম পরিচালনা ১২ টি | বকেয়া রাজস্ব আদায়ে গ্রাহকের বাড়িতে গিয়ে তাগিদ পরিদর্শন কার্যক্রম পরিচালনা ১২ টি |
| ১৬ | ২ টি সুয়্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এস টি পি) নির্মাণ কাজ বাস্তবায়ন | ৯০% নির্মাণ কাজ বাস্তবায়ন করা | ১০০% নির্মাণ কাজ সম্পন্ন করা | ০ (প্রকল্প সমাপ্ত) |
| ১৭ | ৬টি সুয়্যারেজ পাম্পিং স্টেশন (এস পি এস) নির্মাণ কাজ বাস্তবায়ন | ৮০% নির্মাণ কাজ বাস্তবায়ন করা | ১০০% নির্মাণ কাজ সম্পন্ন করা | ০ (প্রকল্প সমাপ্ত) |
| ১৮ | সুয়্যার গ্রাহক সংযোগ প্রদান | ৮,০০০ টি | ৯,০০০ টি | ০ (প্রকল্প সমাপ্ত) |
| ১৯ | সুয়্যার নেটওয়ার্ক পাইপ লাইন স্থাপন | ২০কি.মি. | ১৫ কি.মি. | ০ (প্রকল্প সমাপ্ত) |
| ২০ | উৎপাদন নলকূপের মালামাল সরবরাহ ও স্থাপন | ১০টি উৎপাদক নলকূপের মালামাল সরবরাহ | ১০টি উৎপাদক নলকূপ স্থাপন | ১৫টি উৎপাদক নলকূপ স্থাপন |
| ২১ | পানি সরবরাহ ডিস্ট্রিবিউশন পাইপ নেটওয়ার্ক এর মালামাল সরবরাহ ও স্থাপন | কার্যাদেশ প্রদান | ১৫ কি: মি: পানি সরবরাহ ডিস্ট্রিবিউশন পাইপ এর মালামাল সরবরাহ | ১০ কি: মি: ডিস্ট্রিবিউশন পাইপ নেটওয়ার্ক স্থাপন |

## সংযোজনী ৩ : কর্মসম্পাদনের প্রমাণক

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | খুলনা শহরে নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ। | মাসিক প্রতিবেদন। |
| ২ | পানির সংযোগ প্রদান | মাসিক প্রতিবেদন। |
| ৩ | পানি সরবরাহ পাইপ লাইনে লিক মেরামত। | মাসিক প্রতিবেদন। |
| ৪ | সঠিক মিটার রিডিং এর জন্য ত্রুটিপূর্ণ মিটার পরিবর্তন। | মাসিক প্রতিবেদন। |
| ৫ | খুলনা ওয়াসার অংশীজনদের সাথে সেবা সম্পৃক্ত বিষয়ে উন্মুক্ত সভা আয়োজন। | সভার অফিস আদেশ ও উপস্থিতি |
| ৬ | মাসিক প্রাপ্ত গ্রাহক অভিযোগ নিষ্পত্তি করা। | মাসিক প্রতিবেদন |
| ৭ | অনলাইন সিস্টেমে আবেদনের মাধ্যমে পানির সংযোগ প্রদান ব্যবস্থাপনা পরিচালনা | অনলাইনে সিস্টেমে চালুকৃত। |
| ৮ | নতুন পদ সৃজন | মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ পত্র। |
| ৯ | পানির গুণগতমান পরীক্ষণ | পানি পরীক্ষার রিপোর্ট। |
| ১০ | এক্সটার্নাল অডিট / বহিঃস্থ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা। | নিরীক্ষা প্রতিবেদন। |
| ১১ | ব্যক্তিগত গভীর নলকূপ / সাবমারসিবল পাম্প রেজিস্ট্রেশন | ব্যক্তিগত গভীর নলকূপ / সাবমারসিবল পাম্প রেজিস্ট্রেশন এর তালিকা। |
| ১২ | কর্মকর্তা-কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান। | অফিস আদেশ ও হাজিরা স্বাক্ষর। |
| ১৩ | পদোন্নতি এবং সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে শূন্য পদ পূরণ | পদোন্নতি এবং নিয়োগ পত্র। |
| ১৪ | রাজস্ব আদায়ের হার বৃদ্ধি করা | রাজস্ব আদায়ের মাসিক প্রতিবেদন। |
| ১৫ | বকেয়া রাজস্ব আদায়ে তাগিদ/পরিদর্শন কার্যক্রম পরিচালনা। | পরিদর্শন প্রতিবেদন। |
| ১৬ | ২ টি সুয়্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এস টি পি) নির্মাণ কাজ বাস্তবায়ন | 'খুলনা পয়:নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প' এর অগ্রগতি প্রতিবেদন সংস্থা প্রধান কর্তৃক প্রত্যয়ন। |
| ১৭ | ৬টি সুয়্যারেজ পাম্পিং স্টেশন (এস পি এস) নির্মাণ কাজ বাস্তবায়ন | 'খুলনা পয়:নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প' এর অগ্রগতি প্রতিবেদন সংস্থা প্রধান কর্তৃক প্রত্যয়ন। |
| ১৮ | সুয়্যার গ্রাহক সংযোগ প্রদান | 'খুলনা পয়:নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প' এর অগ্রগতি প্রতিবেদন সংস্থা প্রধান কর্তৃক প্রত্যয়ন ও তালিকা। |
| ১৯ | সুয়্যার নেটওয়ার্ক পাইপ লাইন স্থাপন | 'খুলনা পয়:নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প' এর অগ্রগতি প্রতিবেদন সংস্থা প্রধান কর্তৃক প্রত্যয়ন ও তালিকা। । |
| ২০ | উৎপাদন নলকূপের মালামাল সরবরাহ ও স্থাপন | 'খুলনা পানি সরবরাহ প্রকল্প ফেজ-২' এর অগ্রগতি প্রতিবেদন সংস্থা প্রধান কর্তৃক প্রত্যয়ন। |
| ২১ | পানি সরবরাহ ডিস্ট্রিবিউশন পাইপ নেটওয়ার্ক এর মালামাল সরবরাহ ও স্থাপন | 'খুলনা পানি সরবরাহ প্রকল্প ফেজ-২' সংস্থা প্রধান কর্তৃক অগ্রগতি প্রতিবেদন প্রত্যয়ন। |

## সংযোজনী ৪ : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ১ | নগর এলাকায় নিরাপদ পানির উৎপাদন | বিদ্যুৎ বিভাগ | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ চালু রাখার স্বার্থে বিভিন্ন সময়ে পত্র প্রেরণ/সমন্বয় সভা আহবান । |
| ২ | নতুন পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগে প্রেরণ | জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় | নতুন পদ সৃজনে সংশ্লষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ স্থাপন। |
| ৩ | পদোন্নতি এবং সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে শূন্য পদ পূরণ | জনপ্রশাসন মন্ত্রণালয় | নিয়োগ কমিটির সদস্যদের সাথে যোগাযোগ স্থাপন। |
| ৪ | পানির সংযোগ প্রদান | কেসিসি, সড়ক ও জনপথ বিভাগ ও এলজিইডি | অধিদপ্তর ও সংস্থাগুলির সাথে কাজের জন্য সমন্বয় সভা আয়োজন। |
| ৫ | সুয়্যার পাইপ লাইন স্থাপন কাজ বাস্তবায়ন | কেসিসি, সড়ক ও জনপদ বিভাগ ও এলজিইডি | • অধিদপ্তর ও সংস্থাগুলির সাথে কাজের জন্য সমন্বয় সভা আয়োজন।<br>• অন্য মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর ও সংস্থাগুলির সহিত এক যোগে কাজের জন্য আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সভা আয়োজন। |

মুহম্মদ কামরুজ্জামান
(যুগ্ম সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা, খুলনা।